# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর এর সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মৌলি মন্ডল, উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ফরিদগঞ্জ, চাঁদপুর
তারিখ ঃ ০৫/১২/২০২৩ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর:

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মৌলি মন্ডল | উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব ডা: সুমন ভৌমিক | উপজেলা প্রাণিসম্পদ অফিসার ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর | স্বাক্ষরিত/- |
| ০৩ | জনাব মো: বেলায়েত হোসেন | উপজেলা মৎস্য অফিসার ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর | স্বাক্ষরিত/- |
| ০৪ | জনাব মো: মশিউর রহমান ভূঁইয়া | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর | স্বাক্ষরিত/- |
| ০৫ | জনাব মিলটন দস্তিদার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর | স্বাক্ষরিত/- |
| ০৬ | জনাব মো: মমতাজ উদ্দিন | পরিচালক, চাঁদপুর ডিপিওডি ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর | স্বাক্ষরিত/- |
| ০৭ | জনাব মোঃ আবুল কালাম | কৃষক প্রতিনিধি ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর | স্বাক্ষরিত/- |
| ০৮ | জনাব কল্লোল কিশোর সরকার | উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর | স্বাক্ষরিত/- |

আলোচ্য বিষয়সমূহঃ
১। ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড বীজ) সমলয়ে চাষাবাদে (Synchronize Cultivation) ব্লক প্রদর্শনী স্থাপনের নিমিত্তে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।
২। জমি নির্বাচন ও অগ্রাধিকার তালিকা প্রস্তুতকরণ প্রসঙ্গে।
৩। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে সিআইপি'র ভিতরে পানি সরবরাহ করা প্রসঙ্গে।
৪। বীজ ও রাসায়নিক সার ক্রয় ও বিতরণ প্রসঙ্গে।
৫। বিবিধ।

সভার প্রারম্ভে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। অতঃপর তিনি সভার আলোচ্যসূচী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুরকে অনুরোধ জানান।

আলোচ্য সূচি-১ঃ

২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড বীজ) সমলয়ে চাষাবাদে (Synchronize Cultivation) ব্লক প্রদর্শনী স্থাপনের নিমিত্তে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর সভাকে জানান যে, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর মহোদয়ের স্মারক নং- ১২.১৭.১৩০০.০৪১.৩৮.০০২.২২-২৪৩০(২৭), তারিখঃ ১৪/১১/২০২৩ খ্রিঃ মোতাবেক ২০২৩-২৪ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড বীজ) সমলয়ে চাষাবাদে (Synchronize Cultivation) ব্লক প্রদর্শনী স্থাপনের নিমিত্তে কৃষি প্রণোদনা কর্মসূচি বরাদ্দ পাওয়া গেছে। তিনি উক্ত কর্মসূচি ৪ নং সুবিদপুর ইউনিয়ন (পশ্চিম) এ প্রদানের জন্য প্রস্তাবনা উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-১ঃ
(ক) কর্মসূচির শর্তানুযায়ী ৪ নং সুবিদপুর ইউনিয়ন (পশ্চিম) এ উপযোগী জমি ও আগ্রহী কৃষক/কৃষক গ্রুপ থাকায় উক্ত ইউনিয়নে কর্মসূচিটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
(খ) কর্মসূচির উদ্দেশ্য অনুযায়ী বীজ বপন থেকে শুরু করে কর্তন পর্যন্ত সম্ভাব্য সকল স্তরে যান্ত্রিক পদ্ধতি ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী-২ ঃ জমি নির্বাচন ও অগ্রাধিকার তালিকা প্রস্তুতকরণ প্রসঙ্গে।

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর সভায় উপস্থাপন করেন যে, কর্মসূচির শর্তানুযায়ী সমলয়ে (Synchronize) চাষাবাদের সুবিধার্থে যাদের জমি পাশাপাশি/কাছাকাছি এমন কমপক্ষে ৫০ জনের বা ততোধিক কৃষক/কৃষক গ্রুপ নির্বাচন এবং ৫০ একরের একটি ব্লক প্রদর্শনী বাস্তবায়ন করতে হবে। সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। মাস্টাররোলে কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি ও মোবাইল নম্বর যুক্ত করে কৃষি উপকরণ সহায়তা কার্ডে বিতরণকৃত উপকরণ লিপিবদ্ধ করতে হবে। কৃষি উপকরণ সহায়তা কার্ড না থাকলে মাস্টাররোলে কৃষকের জাতীয় পরিচয়পত্র লিপিবদ্ধ করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-২ঃ
(ক) সমলয়ে (Synchronize) চাষাবাদের সুবিধার্থে যাদের জমি পাশাপাশি/কাছাকাছি এমন কমপক্ষে ৫০ জনের বা ততোধিক কৃষক/কৃষক গ্রুপ নির্বাচন করে ৫০ একরের একটি ব্লক প্রদর্শনী বাস্তবায়ন করতে হবে।
(খ) কর্মসূচির শর্তানুযায়ী উপ-সহকারী কৃষি কর্মকর্তা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন।
(গ) মাস্টাররোলে কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি ও মোবাইল নম্বর যুক্ত করে কৃষি উপকরণ সহায়তা কার্ডে বিতরণকৃত উপকরণ লিপিবদ্ধ করতে হবে।
(ঘ) অগ্রাধিকার তালিকা আগামী ১১/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর বরাবরে প্রেরণ করতে হবে।

Scanned with CamScanner

আলোচ্য সূচী-৩ ঃ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে সিআইপি'র ভিতরে পানি সরবরাহ করা প্রসঙ্গে।

উপজেলা কৃষি অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর সভায় উপস্থাপন করেন যে, অত্র উপজেলার সেচ কার্যক্রম মূলত চাঁদপুর সেচ প্রকল্প (সিআইপি) নির্ভর। বোরো ধান চাষাবাদ সেচ নির্ভর হওয়ায় যথাসময়ে চারা রোপণের জন্য ০১ জানুয়ারি ২০২৪ থেকে সিআইপি'র ভিতরে পানি সরবরাহ করতে হবে। সেচের অভাবে চারা রোপণ বিলম্বিত হলে উৎপাদিত চারা রাইস ট্রান্সপ্লান্টারের সাহায্যে রোপণের অনুপোযোগী হয়ে পড়বে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৩ঃ

(ক) যথাসময়ে চারা রোপণের জন্য ০১ জানুয়ারি ২০২৪ থেকে সিআইপি'র ভিতরে পানি সরবরাহ করতে পানি উন্নয়ন বোর্ড, চাঁদপুরকে বিষয়টি লিখিতভাবে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সমলয় ব্লকে কার্যক্রমের শুরু থেকে শেষ পর্যন্ত প্রয়োজনীয় সেঁচ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সেচযন্ত্র চালক (স্কিম ম্যানেজার) এর সাথে কৃষকদের চুক্তিবদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-৪ ঃ বীজ ও রাসায়নিক সার ক্রয় ও বিতরণ প্রসঙ্গে।

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর সভায় অবহিত করেন যে, মন্ত্রণালয়ের নীতিমালা ও বাস্তবায়ন পদ্ধতি অনুযায়ী কর্মসূচির বীজ ও সার বিএডিসি থেকে সংগ্রহ করতে হবে। বিএডিসি বীজ সরবরাহে ব্যর্থ হলে হেক্টর প্রতি ৫.০ টনের বেশি (চালে) মানসম্মত হাইব্রিড বীজ প্রতিষ্ঠিত বেসরকারি বীজ কোম্পানি/আমদানীকারক/বীজ ডিলারের নিকট থেকে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে। অগ্রাধিকার তালিকাভুক্ত কৃষক/কৃষক গ্রুপ জমির পরিমাণ অনুসারে উপকরণ সহায়তা পাবেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৪ঃ

(ক) প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নে কর্মসূচির বীজ ও সার বিএডিসি থেকে সংগ্রহ করতে হবে।

(খ) বিএডিসি বীজ সরবরাহে ব্যর্থ হলে হেক্টর প্রতি ৫.০ টনের বেশি (চালে) মানসম্মত হাইব্রিড বীজ প্রতিষ্ঠিত বেসরকারি বীজ কোম্পানি/ আমদানীকারক/ বীজ ডিলারের নিকট থেকে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

(গ) অগ্রাধিকার তালিকাভুক্ত কৃষক/কৃষক গ্রুপ জমির পরিমাণ অনুসারে উপকরণ সহায়তা পাবেন।

(ঘ) ডিএপি ও এমওপি সার যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, দাউদকান্দি, কুমিল্লা হতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বরাদ্দকৃত অর্থ দ্বারা উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর পরিবহণ এর ব্যয়ভার মেটানোর ব্যবস্থা করবেন।

বিবিধ, বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.১২.২০২৩

(মৌলি মন্ডল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ফরিদগঞ্জ, চাঁদপুর

স্মারক নং: ১২.১৮.১৩৪৫.০৪১.৯৯.০৭২.২৩.৬১৩ তারিখ: ০৫/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৬৩, চাঁদপুর-৪।
২। জেলা প্রশাসক, চাঁদপুর।
৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৮। উপজেলা ..........................., কর্মকর্তা ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, ফরিদগঞ্জ, চাঁদপুর।
৯। উপ-সহকারী কৃষি কর্মকর্তা .......................ব্লক, অত্র দপ্তর।
১০। অফিস নথি।

০৫/১২/২৩

(কল্লোল কিশোর সরকার)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
ফরিদগঞ্জ, চাঁদপুর

Scanned with CamScanner